গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

স্মারক নম্বর- ৪১.০১.৭২৭৪.০০০.১৬.০০১.১২.২০.৪১ তারিখঃ ০১ মার্চ, ২০২২খ্রি.

বিষয় : মৃত বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতাভোগীদের পরিবর্তে প্রতিস্থাপন সংক্রান্ত তথ্য প্রেরণ এবং ২০২১-২০২২ অর্থ বছরে নতুন সৃষ্ট পদে ভাতা প্রদানের জন্য অনলাইনে আবেদন করা প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নম্বর- ৪১.০১.৭২৭৪.০০০.১৬.০০১.১২.২০.২৯, তারিখঃ ১১ জানুয়ারি, ২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে জানানো যাচ্ছে যে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় অসহায় ও দরিদ্র জনগোষ্ঠির জন্য বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতা প্রদান বর্তমান সরকারের একটি গুরুত্বপূর্ণ কর্মসূচি। আপনার ইউনিয়নের নিয়মিত ভাতাভোগীদের মধ্যে যারা মৃত্যুবরণ করেছেন তাদের পে-রোল রোধ করার লক্ষ্যে মৃত্যুর সনদসহ প্রতিস্থাপনের জন্য ভাতা পাওয়ার উপযুক্ত নতুন ব্যক্তিদের প্রস্তাব ইউনিয়ন কমিটির মাধ্যমে সূত্রস্থ স্মারকে নিম্নস্বাক্ষরকারির নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হয়। কিন্তু অদ্যাবধি সেমতে তথ্য পাওয়া যায়নি।

এমতাবস্থায় নিন্মোক্ত ক্ষেত্রে আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

**মৃতভাতাভোগীদের ক্ষেত্রেঃ**

১. আগামী ১০ মার্চ, ২০২২ তারিখের মধ্যে ৩য় কিস্তির(জানুয়ারি-মার্চ) পে-রোল প্রদান করার শেষ সময় বিধায় মৃত ভাতাভোগীদের চিহ্নিতপূর্বক পে-রোল রোধ করে নতুন নির্বাচনকৃত ব্যক্তিদের পে-রোল সম্পন্ন করতে হবে। অন্যথায় প্রচুর অর্থ মৃতভাতাভোগীদের মোবাইলে চলে যাবে। এতে অসহায় বিপুল সংখ্যক জনগণ তাদের অধিকার হতে বঞ্চিত হবে যা কোনক্রমেই কাম্য নয়।
২. মৃত ভাতাভোগীদের পরিবর্তে প্রতিস্থাপিত ব্যক্তিদের অনলাইনে আবেদনের তালিকাসহ প্রত্যেকের জাতীয় পরিচয়পত্রের কপি, মৃত্যুর সনদপত্র ও ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী আগামী ০৯ মার্চ, ২০২২ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে।
৩. নিন্মোক্ত ছকে বর্ণিত ইউনিয়নভিত্তিক User ID ও Password ব্যবহার করে অনলাইনে আবেদন/MIS সম্পন্ন করতে হবে। MIS করার লিংকঃ- http://mis.bhata.gov.bd/
৪. অনলাইনে আবেদন/MIS এ অবশ্যই আবেদনকারির নিজের নামে নিবন্ধনকৃত মোবাইল নম্বর দিতে হবে। কোন অবস্থাতেই উক্ত মোবাইল নম্বর পরবর্তীতে পরিবর্তন করা যাবে না।
৫. অনলাইনে আবেদন/MIS সম্পন্ন হলে বর্ণিত User ID ও Password ব্যবহার করে উক্ত তালিকা প্রিন্টপূর্বক মোবাইল নম্বর সঠিক আছে কিনা তা যাচাই করে সংশ্লিষ্ঠ কমিটির সভাপতি(চেয়ারম্যান) কর্তৃক স্বাক্ষর করে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে এবং এক কপি নিজ অফিসে সংরক্ষণ করতে হবে।
৬. বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতার ক্ষেত্রে চেয়ারম্যান কর্তৃক বিধবা বা স্বামী নিগৃহিতা মহিলার প্রত্যয়ণ অবশ্যই দিতে হবে।
৭. প্রতিবন্ধী ভাতার পর্যাপ্ত শূণ্য পদ রয়েছে। এক্ষেত্রে প্রতিবন্ধিতার সনদ(সুবর্ণ নাগরিক কার্ড) থাকতে হবে । সুবর্ণ নাগরিক কার্ড না থাকলে আগামী ২০ মার্চ, ২০২২ তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়ে আবেদন করতে হবে।
৮. বয়স্ক ভাতার ০১/০১/২০২২ তারিখে বয়স পুরুষের ৬৫ বছর এবং মহিলার ৬২ হতে হবে।

**মৃতভাতাভোগীদের ক্ষেত্রে MIS করার User ID ও Password:**

| SL | Name Of the Union | User ID | Password |
|---|---|---|---|
| 1) | Dakkhin bishiura | netr.dakkhin.bishiura | db3175 |
| 2) | Lakkhiganj | netr.lakkhiganj | lg3175 |
| 3) | Madanpur | netr.madanpur | mp3175 |
| 4) | Amtala | netr.amtala | at6578 |
| 5) | Challisha | netr.challisha | cs6578 |
| 6) | Kailati | netr.kailati | kt6578 |
| 7) | Kaliara Gabraganti | netr.kaliara.gabraganti | kg8790 |
| 8) | Mauganti | netr.mauganti | mg4356 |
| 9) | Medni | netr.medni | mn6578 |
| 10) | Rouha | netr.rouha | rh4356 |
| 11) | Singher Bangla | netr.singher.bangla | sb8790 |
| 12) | Thakurakona | netr.thakurakona | tk8790 |
| | Link of MIS: | http://mis.bhata.gov.bd/ | |

০১/০৩/২০২২

**নতুন সৃষ্ট পদে ভাতা প্রদানের ক্ষেত্রেঃ**

১. ২০২১-২০২২ অর্থ বছরে সৃষ্ট পদে ভাতা প্রদানের জন্য বহুল প্রচারপূর্বক নীতিমালা অনুযায়ি ভাতা পাওয়ার যোগ্য প্রার্থীদের আগামী ২০ মার্চ, ২০২২ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করার ব্যবস্থা করতে হবে। উক্ত সময়ের পরে কোন অবস্থাতেই আবেদন করা যাবে না। অনলাইনে আবেদনের লিংকঃ http://mis.bhata.gov.bd/onlineApplication
২. অফিসের সকল সেবার তথ্য/তালিকা ও নীতিমালা http://dss.netrokonasadar.netrokona.gov.bd/তে পাওয়া যাবে।

০১/০৩/২০২২
(মোহাম্মদ আব্দুল্লাহ আলমামুন)
উপজেলা সমাজসেবা অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা।
মোবাইলঃ ০১৭১২৮৬৯৭৬১
E-mail: ssomamun@gmail.com, usso.netrokonasadar@dss.gov.bd

১. চেয়ারম্যান ও সভাপতি, বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতা সংক্রান্ত ইউনিয়ন কমিটি
. . . . . . . . . . . . . . . . . . . .ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর।
২. ফিল্ড সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, নেত্রকোণা সদর, নেত্রকোণা
৩. ইউনিয়ন সমাজকর্মী(সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়, সদর, নেত্রকোণা ও সদস্য-সচিব, বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতা সংক্রান্ত ইউনিয়ন কমিটি
. . . . . . . . . . . . . . . . . ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর।

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ- ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় )-

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক, বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ।
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নেত্রকোণা।
৬. উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৭. সমাজকল্যাণ প্রতিমন্ত্রী মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নেত্রকোণা(মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. ফিল্ড সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, নেত্রকোণা সদর, নেত্রকোণা। আপনাকে ইউনিয়ন সমাজকর্মীদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ করে যথাসময়ে তার প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
৯. ইউনিয়ন সমাজকর্মী/কারিগরি প্রশিক্ষক, উপজেলা সমাজসেবা কার্যালয়, নেত্রকোণা সদর, নেত্রকোণা। বিষয়টির গুরুত্ব অনুধাবনপূর্বক পত্রের নির্দেশনা মোতাবেক বর্ণিত সময়ে সংশ্লিষ্ঠদের সাথে সরাসরি যোগাযোগ করে নির্ধারিত সময়ের মধ্যে ভাতাভোগিদের বর্ণনামতে তথ্য সংগ্রহ করে তার কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।
১০. অফিস কপি